50726 - দোকানের সরঞ্জামাদি ও হারিয়ে যাওয়া পণ্যের উপর কি ব্যবসায়িক পণ্যের যাকাত দিতে হবে?

প্রশ্ন

আমার একটি দোকান আছে। এখানে আশি হাজার রিয়ালের (৮০,০০০) সরঞ্জামাদি আছে। মানুষের কাছে দোকানটির প্রাপ্য ঋণও আছে আশি হাজার (৮০,০০০) রিয়াল। ছয় মাস আগে দোকানটিতে আগুন লাগে। দোকান সংস্কারের সাথে সাথে নতুন পণ্য আনা বাবদ চল্লিশ হাজার (৪০,০০০) রিয়াল খরচ হয়েছে। তার মাঝে পয়ত্রিশ হাজার (৩৫,০০০) রিয়াল দোকানের নামে মাসিক কিস্তিতে ঋণ হিসেবে নিতে হয়েছে।

প্রথম প্রশ্ন: দোকানে আগুন লাগার আগে যে সরঞ্জামাদি ছিল, সেগুলোর মূল্য থেকে কি আমাদেরকে যাকাত দিতে হবে? (সম্পূর্ণ খরচ + ঋণ) – (সংস্কার ও নতুন পণ্য)

দ্বিতীয় প্রশ্ন: সংস্কার করার পর বছর পূর্ণ হয়নি। আমরা কি এর যাকাত দিব; নাকি পুরো দোকানের যাকাত দিব, যার সাথে আমাদের প্রাপ্য ঋণও অন্তর্ভুক্ত হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

দোকানে থাকা পণ্য দুই ভাগে বিভক্ত:

প্রথম ভাগ: যে পণ্য ব্যবসা করার জন্য প্রস্তুত করা হয়েছে। সেটা রিয়েল এস্টেট কিংবা খাদ্যদ্রব্য কিংবা জামাকাপড় কিংবা অন্য যে কোনো বিক্রয়ের উপযুক্ত পণ্য হোক।

দ্বিতীয় ভাগ: যা ব্যবসার জন্য প্রস্তুত করা হয়নি। বরং উৎপাদন অথবা ব্যবহারের জন্য করা হয়েছে। যেমন: কারখানার যন্ত্রপাতি, গাড়ি, আসবাবপত্র, ক্যামেরা, কম্পিউটার ইত্যাদি।

প্রথম প্রকারকে ব্যবসায়িক পণ্য হিসেবে গণ্য করা হয়। এর উপর যাকাত আবশ্যক। আর দ্বিতীয় প্রকার স্থায়ী মূলধন হিসেবে বিবেচিত হয়, যার উপর যাকাত নেই।

ইতঃপূর্বে (42072) নং প্রশ্নের উত্তরে ব্যবসায়িক পণ্যে যাকাতের আবশ্যকতা এবং এর নেসাবের বিবরণ প্রদান করা হয়েছে। এছাড়াও উল্লেখ করা হয়েছে, যে সমস্ত স্থায়ী বস্তু বিক্রির জন্য প্রস্তুত করা হয় না, সেগুলোতে যাকাত নেই।

আর (22449) নং প্রশ্নের উত্তরে তুলে ধরা হয়েছে যে, ব্যবসায়িক পণ্যের যাকাত পণ্য দিয়েও প্রদান করা যাবে; নগদ অর্থে প্রদান করার আবশ্যকতা নেই।

ব্যবসায়িক পণ্যে যাকাতের হিসাব করার পদ্ধতি জানার জন্য (26236) নং প্রশ্নের উত্তর দেখুন। সেখানে বলা হয়েছে যে ব্যবসার যাকাত দিতে হবে বিক্রয় মূল্য হিসাব করে; ক্রয় মূল্যে নয়।

সারকথা হলো:

যখন আপনার দোকানের যাকাত প্রদান করার সময় হবে, তখন আপনি আপনার দোকানে থাকা সকল ব্যবসায়িক জিনিসপত্র হিসাব করবেন, এর সাথে আপনার কাছে থাকা নগদ অর্থ হিসাব করবেন, এর সাথে উসূলযোগ্য প্রাপ্য ঋণ হিসাব করবেন; তারপর এ সবগুলো সম্পদের এক-চল্লিশাংশ (২.৫%) যাকাত প্রদান করবেন।

আর যে সমস্ত ঋণ দরিদ্র মানুষ অথবা দীর্ঘসূত্রতিকারীর কাছে থাকায় উসূলের আশা করা যায় না, সেগুলোর কোনো যাকাত নেই। তবে আপনি এমন ঋণ উসূল করতে পারলে আপনার হাতে আসার দিন থেকে নতুন করে বছর গণনা করবেন। তবে এক্ষেত্রে সতর্কতা হলো: আপনি এ ঋণ হস্তগত করার দিন থেকে বিগত এক বছরের যাকাত পরিশোধ করা; যদিও সে ঋণ কয়েক বছর ধরে বকেয়া পড়ে থাকে। (1346) নং প্রশ্নের উত্তর দেখুন।

আর আপনি ঋণগ্রস্ত হলেও সেই ঋণের পরিমাণ আপনার যাকাত প্রদানের সম্পদ থেকে বাদ দেওয়া যাবে না। আলেমদের মতসমূহের মাঝে এটি সঠিক মত। (22426) নং প্রশ্নোত্তরটি দেখুন।

আর যে সব পণ্য পুড়ে গিয়েছে সেগুলো দোকানের বর্তমান জিনিসপত্রের সাথে যুক্ত হবে না।

পুড়ে যাওয়ার পর আপনি দোকানে নতুন করে যে সংস্কার করেছেন, সেটি যদি আসবাবপত্র, অভ্যন্তরীণ সাজসজ্জা ও স্থায়ী সরঞ্জামাদি হয়: তাহলে ইতঃপূর্বে বলা হয়েছে যে এতে যাকাত নেই। সুতরাং দোকানের যাকাতযোগ্য পণ্যসামগ্রীর সাথে এগুলোকে হিসাব করা হবে না। আর যদি বিক্রিযোগ্য সামগ্রী হয়, যদি আপনি এ সমাগ্রীগুলো দোকানের মূলধন দিয়ে কিংবা লাভের অর্থ দিয়ে কেনা হয়, তাহলে দোকানের সাথেই এর যাকাত দিতে হবে, যদিও এর বছর পূরণ না হয়। আর যদি দোকানের মূলধন ছাড়া অন্য অর্থ দিয়ে কেনা হয়, তাহলে এর বছর পূর্তি হবে ঐ (ক্রয়ের) অর্থের বর্ষপূর্তির সাথে। যে অর্থ দিয়ে কেনা হয়েছে, সেটির বর্ষপূর্তি হলে সেটির সাথে এই পণ্যের বর্ষপূর্তি ধরে যাকাত প্রদান করতে হবে।

আমরা আল্লাহর কাছে দোয়া করছি তিনি যেন আপনাকে উত্তম বদলা দান করেন এবং ভালো রিযিক দান করেন।

আল্লাহ সর্বজ্ঞ।